

সূত্রঃ বিইআরসি/গণশুনানী/মূল্যনির্ধারণ/অক্টোবর২১

o/c

তারিখঃ ০৫ অক্টোবর, ২০২১ ইং

বরাবর

মাননীয় চেয়ারম্যান,

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়ঃ বিইআরসি কর্তৃক ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি - অক্টোবর ২০২১ জারী না হওয়া পর্যন্ত সকল অপারেটরগণকে সেপ্টেম্বর ২০২১ এর ক্রয়মূল্য অনুযায়ী সকল অটোগ্যাস স্টেশনে গ্যাস সরবরাহ করা প্রসঙ্গে।

মহোদয়,

আসসালামু আলাইকুম,

আমরা অবগত আছি যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এলপিগ্যাসের নির্ধারিত/পুনঃনির্ধারিত মূল্যহার (ট্যারিফ) পরিবর্তনের আবেদন/প্রস্তাবের বিষয়ে অনুষ্ঠিত গণশুনানীর পরবর্তী আদেশ জারী বিলম্বিত হবার কারণে অদ্যবধি অক্টোবর ২০২১ এর জন্য ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি ঘোষণা করে নাই। গত সেপ্টেম্বর ২০২১ এর অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তির নির্দেশনা অনুযায়ী পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

কিন্তু বর্তমানে সিপি বৃদ্ধি পাওয়ার কারণে বিভিন্ন অপারেটরগণ ৪৮ থেকে ৫০ টাকা/লি. মূল্যে গ্যাস সরবরাহ করার অফার দিচ্ছেন এবং আইনী বাধ্যবাধকতার কারণে বিইআরসি'র নির্ধারিত বিক্রয়মূল্যের (৫০.৫৬ টাকা/লি.) বাহিরে স্টেশন মালিকগণ গ্যাস বিক্রয় করতে পারছেন না। অর্থাৎ, ৪৮ থেকে ৫০ টাকা/লি. মূল্যে গ্যাস ক্রয় করে ৫০.৫৬ টাকা/লি. এ বিক্রি করা কোন স্টেশন মালিকদের পক্ষে সম্ভব নয়।

এমতাবস্থায়, সকল অটোগ্যাস স্টেশন মালিকদের আকুল আবেদনের ভিত্তিতে আপনার কাছে বিনীত নিবেদন এই যে, অক্টোবর ২০২১ এর জন্য বিইআরসি'র ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি জারী না হওয়া পর্যন্ত অপারেটরগণকে সেপ্টেম্বর ২০২১ এর নির্ধারিত ক্রয়মূল্য অনুযায়ী সকল স্টেশনে গ্যাস সরবরাহ করার জন্য আদেশ জারী করে বাধিত করবেন।

অত্র বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

নিবেদক,

[Signature]

মোহাম্মদ সিরাজুল মাওলা
সভাপতি



অনুলিপিঃ

- ১) চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
- ২) সদস্য (গ্যাস) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) পরিচালক (গ্যাস) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) জনাব কামরুজ্জামান, উপ-পরিচালক (ট্যারিফ), বিইআরসি, ঢাকা।
- ৫) জনাব রাজু আহমেদ, সহকারী পরিচালক (ট্যারিফ-২), বিইআরসি, ঢাকা।
- ৬) জনাব রুবিনা ফেরদৌসী, সচিব, বিইআরসি, ঢাকা।